



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

## সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।  
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal\_citycollege\_ctg@yahoo.com  
ওয়েব সাইট : www.gccc.edu.bd.



### বিজ্ঞপ্তি

তারিখ : ০৪/০৮/২০২২।

২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তিচ্ছুক কোটার মেধা তালিকায় মনোনীত সকল ছাত্রছাত্রীকে জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি ফি শিওর ক্যাশ'র মাধ্যমে পরিশোধ করে নিম্নোক্ত তারিখ ও সময়ের মধ্যে স্ব স্ব বিভাগে যাবতীয় কাগজপত্র জমা দিয়ে নিজ নিজ ভর্তি নিশ্চিত করার নির্দেশ দেয়া হল।

#### ছাত্রছাত্রীদের করণীয় :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের website ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) হতে ভর্তি ফরম Download করে (A4 সাইজের অফসেট সাদা কাগজে) প্রিন্টআউট করতে হবে।
- নির্ধারিত প্রক্রিয়ায় “রূপালী ব্যাংক শিওর ক্যাশ এডুকেশন পেমেন্ট”-এর মাধ্যমে আগামী ০৬/০৮/২০২২ থেকে ০৮/০৮/২০২২ তারিখ পর্যন্ত সময়ে নিম্নোক্ত ফি পরিশোধ করতে হবে।

[উক্ত পেমেন্ট নিজস্ব একাউন্ট হতে অথবা সংশ্লিষ্ট শিওর ক্যাশ এজেন্টের মাধ্যমে অথবা রূপালী ব্যাংকের নিকটস্থ যে কোন শাখায় প্রদান করা যাবে।]

#### ফি'র পরিমাণ

গ্রুপ	টাকার পরিমাণ
বাংলা / ইংরেজি / অর্থনীতি / রাষ্ট্রবিজ্ঞান / ইসলামের ইতিহাস ও সংস্কৃতি / দর্শন / আরবি ও ইসলামী শিক্ষা / ব্যবস্থাপনা / হিসাববিজ্ঞান	২৪০২/-
পদার্থবিজ্ঞান / রসায়নবিজ্ঞান/ গণিত / উদ্ভিদবিজ্ঞান/ প্রাণিবিজ্ঞান / মনোবিজ্ঞান	২৫০২/-

শিওর ক্যাশ'র মাধ্যমে পরিশোধ যোগ্য।

- ফি পরিশোধের পর প্রাপ্ত SMS হতে Transaction ID সংগ্রহ করে কলেজের ওয়েব সাইটে ([www.gccc.edu.bd](http://www.gccc.edu.bd)) ভর্তির রোল ও Transaction ID প্রদান পূর্বক ফরম পূরণ করে Download করে (A4 সাইজের অফসেট সাদা কাগজে) প্রিন্টআউট করতে হবে।
- নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী কলেজে উপস্থিত হয়ে বিভাগীয় পাওনা (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সেমিনার ফি, ইনকোর্স পরীক্ষার ফি ও শিক্ষা সফর ফি ইত্যাদি) পরিশোধ করে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। [ফি'র পরিমাণ বিভাগ থেকে জেনে নেয়ার জন্য বলা হচ্ছে।]

বিভাগীয় পাওনা ও কাগজপত্র জমাদানের তারিখ	গ্রুপ
০৮/০৮/২০২২	বাংলা / ইংরেজি / ইসলামের ইতিহাস ও সংস্কৃতি / দর্শন/ আরবি ও ইসলামী শিক্ষা/ রাষ্ট্রবিজ্ঞান/ অর্থনীতি / হিসাববিজ্ঞান/ ব্যবস্থাপনা / পদার্থবিজ্ঞান/রসায়নবিজ্ঞান/ উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান/ মনোবিজ্ঞান/ গণিত

#### রূপালী ব্যাংক শিওর ক্যাশ এডুকেশন পেমেন্ট-এর মাধ্যমে ফি পরিশোধ করার নিয়মাবলী :

- রূপালী ব্যাংক শিওর ক্যাশ মোবাইল App এর মাধ্যমে অথবা \*৪৯৫# ডায়াল করলে স্ব স্ব মোবাইল ফ্রিনে শিওর ক্যাশ মেনু পাবে।
- শিওর ক্যাশ মেনুর 3 চাপ দিয়ে (payment অপশন) send করতে হবে।
- Payee account or keyword : **GCCCH** টাইপ করে send বাটন চাপতে হবে।
- Student ID: অপশনে নিজ নিজ ভর্তি রোল নম্বর টাইপ করে send বাটন চাপতে হবে।
- ফ্রিনে প্রদর্শিত শিক্ষার্থীর নাম, ভর্তি নম্বর এবং টাকার পরিমাণ যাচাই করে নির্ধারিত ফি টাইপ করে send করতে হবে।
- পিন নম্বর (১২৩৪) টাইপ করে payment confirm ফিরতি Paid SMS পাওয়া যাবে।
- প্রতিবার **payment** এর জন্য ১.২৫% চার্জ প্রযোজ্য।

(যে কোনো সমস্যার জন্য শিউর ক্যাশ কাস্টমার কেয়ার ১৬৪৯৫ নম্বরে অথবা রূপালী ব্যাংকের নিকটস্থ যে কোনো শাখায় যোগাযোগ করা যেতে পারে।)

#### ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র :

(সংশ্লিষ্ট বিভাগের নিম্নোক্ত কাগজপত্র জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।)

- অনলাইনে পূরণকৃত জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি ফরম এর প্রিন্টেড কপি।
- কলেজের ওয়েবসাইটে পূরণকৃত ভর্তি ফরম এর প্রিন্টেড কপি।
- ভর্তি আবেদন ফরমের মূল কপি ও ফটোকপি (০১ কপি ফটোকপি শিক্ষার্থী নিজের নিকট সংরক্ষণে রাখবে)।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বর ফর্দ।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বর ফর্দ, রেজি: কার্ড প্রত্যেকটির ০২টি করে ফটোকপি।
- ১টি বড় খাম(১৪" x ১০") নিজ নিজ ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত ১টি ছোট খাম (১০" x ৪")।
- পাসপোর্ট সাইজের ৪ কপি রঙিন ছবি ও ২কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবি।

০৪/০৮/২০২২

অধ্যক্ষ

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

০৪/০৮/২২